**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Chief Justice oath :**

বিচারপতি মামিদান্না সত্যরত্ন শ্রী রামাচন্দ্র রাও গতকাল  ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন। রাজভবনের দরবার হলে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু প্রধান বিচারপতিকে শপথ বাক্য পাঠ করান।

####Byte####

********************

**PM, tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ যুক্তরাজ্য সফরে যাচ্ছেন। দু'দিনের এই সফরে তিনি যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের সঙ্গে আলোচনা করবেন এবং রাজা তৃতীয় চার্লসের সঙ্গে সাক্ষাৎ করবেন। বিদেশ সচিব বিক্রম মিস্রি গতকাল নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে বলেন, প্রধানমন্ত্রী মোদী ভারত ও যুক্তরাজ্যের ব্যবসায়ী নেতাদের সঙ্গেও মতবিনিময় করবেন। তিনি বলেন, এটি প্রধানমন্ত্রী মোদীর চতুর্থ যুক্তরাজ্য সফর।

*********************

**PRASAR BHARATI CEO** :

প্রসার ভারতীর সিইও এবং এশিয়া-প্যাসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (এআইবিডি) জেনারেল কনফারেন্সের (জিসি) সভাপতি গৌরব দ্বিবেদী বলেছেন, প্রসার ভারতী ভবিষ্যতের প্রয়োজনীয়তা মেটাতে সংবাদকক্ষে এআই বা কৃত্রিম বুদ্ধিমত্তা পরিচালিত সমাধানের বিষয় চালু করছে।

কম্বোডিয়ার সিয়েম রিপে ২১শে জুলাই থেকে শুরু হওয়া চারদিনব্যাপী ২০তম এশিয়া মিডিয়া সামিট ২০২৫ এর উদ্বোধনী অধিবেশনে শ্রী দ্বিবেদী এই কথা বলেন। তিনি উল্লেখ করেন যে কৃত্রিম বুদ্ধিমত্তার দ্রুত বিবর্তন সংবাদ এবং সম্প্রচার শিল্পকে মৌলিকভাবে পুনর্গঠন করছে।

**********************

**Pragna Bhaban Workshop** :

আসন্ন ভোটার তালিকার সংশোধন এর প্রক্রিয়াকে সুচারু ভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তর ৬০টি নির্বাচন ক্ষেত্রের ৬০ জন সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিকদের নিয়ে গতকাল প্রজ্ঞাভবনে একদিনের কর্মশালার আয়োজন করে। এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। তিনি বলেন ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং সংশ্লিষ্ট আইনি বিধান সম্পর্কে অবগত কর্‌ের লক্ষে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালায় উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ জে মগ।

***********************

**ISRO-NASA JOINT VENTURE** :

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা, ইসরো, চলতি মাসের ৩০ তারিখে শ্রীহরিকোটা থেকে মার্কিন মহাকাশ সংস্থা নাসার সাথে যৌথভাবে তৈরি নিসার পৃথিবী পর্যবেক্ষণ উপগ্রহ উৎক্ষেপণ করবে। GSLV F16 ভারী উত্তোলক রকেট উপগ্রহটিকে ৭৪৩ কিলোমিটার সূর্যের সমকালীন কক্ষপথে স্থাপন করবে। নিসার উপগ্রহটি প্রতি ১২ দিনে সমগ্র পৃথিবী প্রদক্ষিণ করবে এবং উঁচু মানের, সব ধরনের -আবহাওয়া এবং দিন ও রাতের বিস্তৃত তথ্য সরবরাহ করবে।

***********************

**Census :**

কেন্দ্রীয় সরকার জানিয়েছে যে গত মাসের ১৬ তারিখে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ২০২৭ সালের আদমশুমারির প্রস্তুতি শুরু হয়েছে। গতকাল লোকসভায় এক লিখিত জবাবে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই বলেন, এই বিষয়ে ৩ রা ও ৪ঠা জুলাই নতুন দিল্লিতে দুই দিনের একটি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে আসন্ন আদমশুমারির রোডম্যাপ এবং এর সাথে সম্পর্কিত কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

**********************

**Rakhal Shiled:**

রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় ফরোয়ার্ড ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত ফাইনাল খেলায় ফরোয়ার্ড ক্লাব ২-0 গোলে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে সিয়াম পুইয়া ও সেনথামিলস দুটি গোল করেন। খেলার শেষে চ্যাম্পিয়ন দলের হাতে রাখাল শিল্ড ও ৬0 হাজার টাকা প্রাইজমানি তুলে দেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা। এছাড়া রানারআপ ব্লাডমাউথ ক্লাবকে ট্রফি ও ৪0 হাজার টাকা প্রাইজমানি তুলে দেয়া হয়। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার ও প্রাক্তন ভারতীয় ফুটবলার গৌতম সরকার সহ টিএফএ'র কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ফাইনালের সেরা ফুটবলার হন ফরোয়ার্ড ক্লাবের লিংডো এবং আসরের সেরা হন সিনথামিলস। সর্বাধিক গোলদাতা ব্লাডমাউথ ক্লাবের মিলন সিং। প্রচুর দর্শক মাঠে খেলা উপভোগ করেন।

*********************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। গত চব্বিশ ঘন্টায় পরিমাপ যোগ্য বৃষ্টিপাতের পরিমান ২.৫ মিলিমিটার |

***********************